

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
প্রশাসন শাখা  
গাইড হাউস, নিউ বেইলী রোড, ঢাকা  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৮-৫৩

তারিখ: ০৯ ফাল্গুন, ১৪৩২  
২২ ফেব্রুয়ারি, ২০২৬


**বিজ্ঞপ্তি**

বিষয়: বেসরকারি মাদ্রাসায় এনটিআরসিএ (NTRCA) এর আওতা বহির্ভূত শূন্য পদে নিয়োগ কার্যক্রম পরিচালনার জন্য অনুসরণীয় নির্দেশমালা প্রতিপালন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের বেসরকারি মাদ্রাসাসমূহে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর আওতা বহির্ভূত শূন্য পদে সংশ্লিষ্ট মাদ্রাসার নিয়োগ কমিটির সুপারিশের প্রেক্ষিতে মাদ্রাসার ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো অনুযায়ী নিয়োগ করে থাকে।

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক ১ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০২৬ জারি হওয়ায় মাদ্রাসার ম্যানেজিং কমিটি/গভর্নিং বডিকে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০২৬ অনুযায়ী বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর আওতা বহির্ভূত শূন্য পদ পূরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০২৬ অনুযায়ী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন না করা হলে এমপিও প্রদান করা হবে না।

  
মোহাম্মদ আরিফুর রহমান মজুমদার  
উপপরিচালক (প্রশাসন)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

বিতরণ: (জ্ঞাতার্থে ও কার্যার্থে)

১. অতিরিক্ত সচিব (প্রশাসন/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
২. উপপরিচালক (অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
৩. সভাপতি, গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি....(সকল বেসরকারি এমপিওভুক্ত মাদ্রাসা)
৪. অধ্যক্ষ/সুপার/ইবতেদায়ী প্রধান....(সকল বেসরকারি এমপিওভুক্ত মাদ্রাসা)
৫. সহকারী প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৬. অফিস কপি